REGIONAL NEWS UNIT

**ALL INDIA RADIO, AGARTALA**
**Date:25-11-2024**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

**Parliament seesion:**

আজ থেকে শুরু হচ্ছে সংসদের শীতকালীন অধিবেশন। নতুন দিল্লিতে গতকাল সর্বদলীয় বৈঠকের পর সাংবাদিকদের সাথে কথা বলার সময়, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু বলেন, শীতকালীন অধিবেশনে সরকার যে কোনো বিষয়ে আলোচনা করতে প্রস্তুত। বৈঠকে সভাপতিত্ব করেন প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং। শীতকালীন অধিবেশন চলবে ২০ ডিসেম্বর পর্যন্ত। সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বর্ষ উদ্‌যাপনে আগামীকাল ২৬ নভেম্বর পুরনো সংসদ ভবনের সেন্ট্রাল হলে সংবিধান দিবস পালন করা হবে।

*******************

**PM-Maan Ki Baat:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, এক পেড় মা কে নাম অভিযান মাত্র পাঁচ মাসে ১০০ কোটি গাছ লাগানোর গুরুত্বপূর্ণ মাইলফলক অতিক্রম করেছে। আকাশবাণীতে গতকাল তাঁর মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, এই প্রচারে সারা দেশের মানুষ অংশ নিয়েছেন। তিনি উল্লেখ করেন, তাঁর সাম্প্রতিক গায়ানা সফরের সময়, রাষ্ট্রপতি ডঃ ইরফান আলী, তার শাশুড়ি এবং পরিবারের অন্যান্য সদস্যরা 'এক পেড় মা কে নাম' প্রচারে তার সাথে অংশ নিয়েছেন । প্রধানমন্ত্রী উল্লেখ করেন, মধ্যপ্রদেশের ইন্দোরে ২৪ ঘন্টার মধ্যে ১২ লক্ষেরও বেশি গাছ লাগানো সহ বৃক্ষ রোপণের এক রেকর্ড তৈরি হয়েছে।

এন সি সি দিবস প্রসঙ্গে প্রধানমন্ত্রী বলেন, বর্তমানে দেশে কুড়ি লক্ষেরও বেশি তরুণ-তরুণী এনসিসি-র সঙ্গে যুক্ত আছেন। বর্তমানে এনসিসিতে মেয়ে ক্যাডেটের সংখ্যাটা প্রায় চল্লিশ শতাংশ হয়ে গেছে। প্রধানমন্ত্রী আরও বলেন, আগামী বছর স্বামী বিবেকানন্দের ১৬২তম জন্মজয়ন্তী উপলক্ষে ১১ থেকে ১২ই জানুয়ারি দিল্লির ভারত মণ্ডপমে তরুণ প্রজন্মের ভাবনা-চিন্তার মহাকুম্ভ আয়োজন করা হবে । আর এই আয়োজনের নাম দেওয়া হয়েছে, 'বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়ালগ'।

**************************

**M K B - C.M.** .

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আগরতলার বনকুমারী বগলা মাতা মন্দির পরিসরে দলীয় সহকর্মীদের সাথে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'মন কি বাত' অনুষ্ঠান শোনেন। পরে মুখ্যমন্ত্রী সংবাদমাধ্যমের কাছে বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির উপর মানুষের আস্থা রয়েছে। তিনি দেশবাসীকে দেশাত্মবোধে উদ্‌বুদ্ধ করতে বিভিন্ন উদ্ভাবনী কাজ করেছেন। হর ঘর তিরঙ্গা, মেরি মাটি মেরি দেশ ইত্যাদি দেশাত্মবোধক ভাবনা এনেছেন। মুখ্যমন্ত্রী প্রফেসর ডাঃ মানিক সাহা বলেন, আগামীদিনে দেশ তাদের হাতে থাকবে যাদের জ্ঞান রয়েছে। মুখ্যমন্ত্রী এদিন বিরোধী কংগ্রেস ও কমিউনিস্টদের সমালোচনা করে বলেন, ভারতীয় জনতা পার্টির কোন বিকল্প নেই। দলীয় কার্যকর্তাদের আরো আন্তরিক ভূমিকা নিয়ে কাজ করার পরামর্শ দেন তিনি।

************************

**Governor:**

রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু বলেছেন, এনসিসির সঙ্গে যুক্ত যুবরা দেশাত্মবোধে উদ্‌বুদ্ধ হয়ে দেশের ঐক্য ও সংহতি রক্ষায় বলিষ্ঠ ভুমিকা পালন করছে। তাদের কঠিন পরিশ্রম, দায়বদ্ধতা, শৃঙ্খলাবোধ দেশকে আরও শক্তিশালী করছে। গতকাল

আগরতলার  লিচুবাগানস্থিত এলবার্ট এক্কা পার্কে ৭৬ তম এনসিসি দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত ম্যারাথন দৌড় ও সাইকেল রেলির সূচনা অনুষ্ঠানে তিনি একথা বলেন ।

এনসিসি এলামনি অ্যাসোসিয়েশন ও এন সি সি ত্রিপুরা ১৩ নাম্বার ব্যাটেলিয়ানের যৌথ উদ্যোগে ৭৬তম এন সি সি দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ক্রীড়া ও যুব কল্যাণ মন্ত্রী টিংকু রায়, ১৩ নম্বর এনসিসি ব্যাটেলিয়নের কমান্ডিং অফিসার সি রাজশেখর।

************************

**Blood Donation C.M.**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন,  স্বেচ্ছা রক্তদান এখন রাজ্যে সামাজিক আন্দোলনের রূপ পাচ্ছে। রক্তের কোনও বিকল্প হয় না। গতকাল  আগরতলার  এগিয়ে চলো সংঘের প্রাঙ্গণে অল ত্রিপুরা হোটেল অ্যান্ড রেস্টুরেন্ট ওনার্স অ্যাসোসিয়েশনের ব্যবস্থাপনায় এবং এগিয়ে চলো সংঘের সহযোগিতায় আয়োজিত রক্তদান  শিবিরের  উদ্বোধন করে একথা বলেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, জনসংখ্যার অনুপাতে ১ শতাংশ রক্ত ব্লাড ব্যাঙ্কগুলিতে মজুত থাকা প্রয়োজন। ত্রিপুরায় প্রায় ৪০ লক্ষ মানুষের জন্য ৪০ হাজার ইউনিট রক্ত মজুত থাকা দরকার।তিনি বলেন  রক্তের চাহিদা এবং যোগানের মধ্যে সামঞ্জস্য বজায় রাখা খুবই গুরুত্বপূর্ণ। তিনি আরও বলেন, রাজ্যে বর্তমানে রক্তের সেপারেশন সেন্টার রয়েছে।

অনুষ্ঠানে বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পর্যটনমন্ত্রী সুশান্ত চৌধুরী, আগরতলা পুরনিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, অল ত্রিপুরা মার্চেন্ট অ্যাসোসিয়েশনের চেয়ারম্যান রতন সাহা সহ অন্যান্যরা ।

******************

**C.M. at Anukul Utsav:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, উৎসবের মাধ্যমে মানুষের মধ্যে আত্মিক সম্পর্ক গড়ে উঠে। এর মধ্য দিয়ে একজন অপরজনকে বোঝা যায়, জানা যায়। একে অপরের সুবিধা অসুবিধা জানার মাধ্যমে একসঙ্গে থাকা যায় । আর এর মধ্য দিয়েই এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা ও এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ে তোলা সম্ভব হবে। মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল আমতলি - খয়েরপুর বাইপাস সংলগ্ন হাউজিং বোর্ড মাঠে শ্রী শ্রী ঠাকুর অনুকূলচন্দ্রের ১৩৭ তম আবির্ভাব তিথি উদযাপন উপলক্ষে সৎসঙ্গ আশ্রম আয়োজিত 'ত্রিপুরা উৎসবে' অংশগ্রহণ করে একথা বলেন।

মুখ্যমন্ত্রী ডাঃ সাহা বলেন, প্রচুর লোক ত্রিপুরা উৎসবে সমবেত হয়েছেন। ত্রিপুরা উৎসবকে তিনি মিলন যজ্ঞ হিসাবে উল্লেখ করেন।

*************

**ICA Global Conference CM:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নয়াদিলীর ভারত মণ্ডপমে ICA গ্লোবাল ক-অপারেটিভ কন্‌ফারেন্সের উদ্বোধন করেন । আন্তর্জাতিক সমবায় জোটের ১৩০ বছরের দীর্ঘ ইতিহাসে প্রথমবারের মত ভারতে গ্লোবাল কো-অপারেটিভ কনফারেন্স এবং সাধারণ পরিষদের আয়োজন করা হয়েছে । এই উপলক্ষে প্রধানমন্ত্রী আন্তর্জাতিক সমবায় বর্ষ ২০২৫ এর একটি স্মারক ডাকটিকিট প্রকাশ করবেন । ছয়দিন এই সম্মেলনের মূল বিষয় হচ্ছে সমবায় সকলের জন্য সম্বৃদ্ধি গড়ে তুলবে।

**************

**AG-Sports:**

AG ত্রিপুরা অফিসের পরিচালনায় তিনদিন ব্যাপী পূর্বাঞ্চল ক্যারাম প্রতিযোগিতা আজ আগরতলায় শুরু হয়েছে। ত্রিপুরা সহ

পূর্বাঞ্চলের মোট ১০টি দল এই আসরে অংশ নেয়। মোট ৬৮ জন খেলোয়াড় পুরুষ ও মহিলা বিভাগে এই আসরে অংশ নিয়েছেন।

**************

**Weather ..**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত পরিষ্কার থাকবে।  সকালের দিকে কুয়াশা ছিল। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬.৭ ডিগ্রি সেলসিয়াস।  দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ২৮ ডিগ্রির কাছাকাছি।

***************

*****************